

আমরা যখন ভীত ও লজ্জিত হই তখন ঈশ্বর আমাদের সাহায্য করেন



শিশুরা ছবিটি রঙ করতে পারে

১ শমুয়েল ১৭ঃ২০-৫১ পদে উল্লেখিত দায়ূদ ও গলিয়াতের গল্পটি পাঠ করতে অথবা স্মৃতি থেকে বলতে পারে। সম্ভব হলে বড় একজন শিশু গল্পটা অন্যদের কাছে পাঠ করবে। ঈশ্বরের শক্তি কিভাবে ভয় ও লজ্জা থেকে আমাদের উদ্ধার করে সেই বিষয়ে শিশুদের প্রশ্ন জিজ্ঞাসা করুনঃ

- দায়ূদের দাদারা যখন সৈন্যবাহিনীতে যুদ্ধ করছিল, তখন দায়ূদ কি করছিলেন?
- দায়ূদ যখন তাঁর পিতার মেসদের চড়াতে তখন তিনি কি করতে শিখেছিলেন?
- দায়ূদ যখন যুদ্ধক্ষেত্রে গেছিলেন, তখন তাঁর বড় দাদা কি অভিযোগ করেছিলেন?
- দায়ূদ যখন যুদ্ধ করতে গেছিলেন, তখন তিনি শৌল কতক প্রদত্ত যুদ্ধ সজ্জা পরিধান করতে অস্বীকার করেছিলেন কেন?
- দায়ূদ যখন দৈত্য গলিয়াতের বিরুদ্ধে যুদ্ধে গেছিলেন তখন তাঁকে কে শক্তিশালী করেছিল?
- ঈশ্বর কিভাবে একজন দৈত্যকে হত্যা করতে একটি বালককে সাহায্য করেছিল, যে দৈত্য লোকদের ভীতি প্রদর্শন করছিল?



ক্রিয়াকলাপঃ আমাদের ভয়কে পরাজিত করা

- একটি কাগজে লোকেরা যে যে বিষয়ে ভয় পায় সেই বিষয়গুলো লিখুন। শিশুরা তাদের ভয়ের বিষয়গুলো উল্লেখ করতে পারেন।
- শিশুদের পাথরের ওপরে কতকগুলো শব্দ লিখতে দিন যা ঈশ্বরের বিষয়ে বর্ণনা করে। কতকগুলো উদাহরণ : “শক্তিশালী”, “সবকিছু জানেন”, “আমাকে প্রেম করেন”, “সর্বত্র থাকেন”, এবং “আমাকে রক্ষা করেন”।

শিশুদের কাগজের উপর লেখা ভয়ের বিষয়গুলোকে লক্ষ্য করে পাথরগুলো ছুঁড়তে বলুন। এই কাজটি করার জন্য আপনি শিশুদের বাইরে নিয়ে যেতে পারেন।

চিন্তা করার জন্য কিছু বিষয় : পাথর আমাদের ঈশ্বরের শক্তির বিষয় মনে করিয়ে দেয় যা দুর্বল লোকদের রক্ষা করে। দায়ুদ গলিয়াৎকে লক্ষ্য করে যে পাথর নিক্ষেপ করেছিলেন তা ছোট ছিল, কিন্তু ঈশ্বর তা শক্তিশালী করেছিলেন।



পরোপরের আশ্রয়ঃ শিশুদের ৯১ গীতের চারটি পদ পড়তে, মুখস্থ বলতে অথবা গান করতে বলুন (১,২,৪,৫,৬,৭,১১, ১২ পদ)ঃ

যে ব্যক্তি পরোপরের অন্তরালে থাকে,
সে সর্বশক্তিমানের ছায়াতে বসতি করে।
আমি সদাপ্রভুর বিষয়ে বলিব, ‘তিনি
আমার আশ্রয়, আমার দুর্গ,
আমার ঈশ্বর, আমি তাঁহাতে নির্ভর করিব’।
তিনি আপন পালকে তোমাকে আবৃত করিবেন,
তাঁহার পক্ষের নীচে তুমি আশ্রয় পাইবে;
তাঁহার সত্য ঢাল ও তনুত্রাণস্বরূপ।
তুমি ভীত হইবে না রাত্রির ত্রাস হইতে,
দিবসে উদ্ভীযমান শর হইতে,
তিমির বিহারী মারী হইতে,
মধ্যাহ্নের সাংঘাতিক ব্যাধি হইতে।
পড়িবে তোমার পার্শ্বে সহস্র জন,
তোমার দক্ষিণে দশ সহস্র জন,
কিন্তু উহা তোমার নিকটে আসিবে না।
কারণ তিনি আপন দূতগণকে তোমার বিষয়ে আজ্ঞা দিবেন,
যেন তাঁহারা তোমার সমস্ত পথে তোমাকে রক্ষা করেন।
তাঁহারা তোমাকে হস্তে করিয়া তুলিয়া লইবেন,
পাছে তোমার চরণে প্রস্তরের আঘাত লাগে।

১ শমুয়েল ১৭ঃ১-৫১ থেকে দায়ূদ ও গলিয়াতের গল্পটিকে নাটকে পরিণত করুন।

- বড়দের কাছে নাটকটি উপস্থাপিত করার জন্য আরাধনার নেতাদের সঙ্গে ব্যবস্থা করুন।
- সময় যদি সীমিত থাকে, তবে গল্প থেকে কম গুরুত্বপূর্ণ বিষয়গুলো বাদ দিয়ে দিন।
- কয়েকজন শিশু পলেস্টীয় এবং কয়েকজন ইস্রায়েলীয় সৈন্যদের ভূমিকায় অভিনয় করবে। যদি যথেষ্ট শিশু না থাকে, তবে বড়দের সাহায্য করতে বলবেন।
- যতক্ষণ না সবাই জানবে যে কি করতে হবে এবং কি বলতে হবে, ততক্ষণ অনুশীলন করান।

বর্ণনাকারী যখন গল্পের কোন অংশ বলবেন, তখন অভিনেতারা অভিনয় করবে এবং অঙ্গভঙ্গীর মাধ্যমে বাইবেলের গল্পটির চরিত্রটিকে ফুটিয়ে তুলবে।

বর্ণনাকারীঃ যে কথাগুলো বলা হয়নি, গল্পের সেই অংশগুলো পড়তে হবে এবং বিরাম দিতে হবে যাতে অভিনেতারা সেই অংশটি অভিনয় করতে পারে। যিশয় এবং রাজার ভূমিকায় দুজন শিশুকে দাঁড় করাতে হবে।

গলিয়াৎঃ একটি লাঠি হাতে নিয়ে ক্রোধে চীৎকার করবে (লাঠিটি ছোরার প্রতিনিধিত্ব করবে)।

দায়ূদঃ ফিঙা ব্যবহার করার অভিনয় করতে হবে। ইহা একটি চামড়ার ক্ষুদ্র থলির মত যার মধ্যে পাথরের টুকরো ধরে রাখা যায়, যা দুটো দড়ি দিয়ে বাঁধা থাকে। ব্যবহারকারীগণ মাথার উপর দিয়ে ইহা বৃত্তাকারে ঘুরিয়ে একটি দড়ি ছেড়ে দেয়, যাতে পাথরটি সজোড়ে নিক্ষিপ্ত হতে পারে।

প্রার্থনাঃ সর্বশক্তিমান স্বর্গীয় পিতা, আমাদের সমস্ত ভয় থেকে উত্তীর্ণ হতে সাহায্য করে। দায়ূদের মত আমাদেরও তুমি তোমার শক্তির উপর বিশ্বাস ও আস্থা রাখতে দাও। যীশুর নামে এই প্রার্থনা চাই, আমেন।